New York State | Medical Indemnity Fund

# নিউ ইয়র্ক স্টেট মেডিক্যাল ইনডেমনিটি ফান্ড (MIF) গোপনীয়তা অনুশীলনের বিজ্ঞপ্তি

**MIF এ থাকা কোনো আবেদনকারী বা সদস্যের স্বাস্থ্য তথ্য কিভাবে ব্যবহার ও প্রকাশ করা হতে পারে তা এই বিজ্ঞপ্তিতে বর্ণনা করা আছে এবং কোনো আবেদনকারী বা সদস্য বা তার মনোনীত প্রতিনিধি এসব তথ্য কিভাবে দেখতে পারবে সেটাও এই বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা আছে। অনুগ্রহ করে সতর্কতার সাথে পর্যালোচনা করুন।** ◦

**আপনি কেন এই বিজ্ঞপ্তি পাচ্ছেন?** নিউ ইয়র্ক স্টেট মেডিক্যাল ইনডেমনিটি ফান্ড (MIF) হচ্ছে- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কর্তৃক পরিচালিত, এবং তারা আবেদনকারী এবং সদস্যদের সুরক্ষিত স্বাস্থ্য বিষয়ক তথ্য (প্রটেক্টেড হেলথ ইনফরমেশন- PHI) গোপন রাখতে বাধ্য। এই বিজ্ঞপ্তিটিতে MIF-এর গোপনীয়তা নীতির কথা বলা হয়েছে, যেখানে ব্যাখ্যা করা হয় যে MIF কিভাবে যেকোনো আবেদনকারী বা সদস্যের PHI প্রকাশ এবং ব্যবহার করতে পারে, এবং কিভাবে একজন আবেদনকারী বা সদস্য বা অনুমোদিত প্রতিনিধি আবেদনকারীর বা সদস্যের PHI দেখতে পারে। ফেডারেল এবং স্টেট আইন আইনানুযায়ী, MIF-কে কিছু PHI-এর গোপনীয়তা রক্ষা করতে হবে এবং তাদেরকে HIV/AIDS, মানসিক স্বাস্থ্য, এবং/ অথবা ড্রাগ এবং অ্যালকোহলের সাথে সংশ্লিষ্ট স্বাস্থ্যসেবা পরিষেবার সাথে জড়িত PHI-এর সুরক্ষা প্রদানের জন্য বিশেষ পদক্ষেপ হবে।

MIF আবেদনকারীদের এবং সদস্যদের PHI দুটি প্রধান কারণে প্রি য়াজাত এবং রক্ষণাবেক্ষণ করে:

- MIF-এ ব্যক্তির তালিকাভুক্তি প্রি য়াকরণ করার জন্য
- নিচে উল্লেখিত বর্ণনা অনুসারে MIF পরিচালনা করার জন্য

**যারা এই বিজ্ঞপ্তি পা:** MIF এই নোটিশ বা বিজ্ঞপ্তিটি একজন সদস্য বা অনুমোদিত প্রতিনিধির কাছে প্রতি তিন বছরে কমপক্ষে একবার প্রদান করবে।

**PHI কী?** PHI এ যে সকল তথ্য রয়েছে- (1) একজন ব্যক্তির পূর্ব, বর্তমান অথবা ভবিষ্যতের শারীরিক বা মানসিক স্বাস্থ্যের অবস্থা (2) একজন ব্যক্তিকে স্বাস্থ্যসেবা প্রদানের বিধান, অথবা (3) একজন ব্যক্তির স্বাস্থ্য সেবা গ্রহণের জন্য পূর্ব, বর্তমান অথবা ভবিষ্যতের খরচ পরিশোধ।

**PHI কী?** একজন আবেদনকারী বা সদস্যের চিকিৎসার সাথে সংশ্লিষ্ট সিদ্ধান্ত, পেমেন্ট এবং স্বাস্থ্যসেবা কর্মকা র জন্য এই ফান্ড এবং তাদের ব্যবসায়িক সহযোগীরা আলোচ্য PHI ব্যবহার করেন। যেকোনো কোম্পানি বা সংস্থা, যারা PHI পর্যালোচনা করে তাদেরকেও আইনানুযায়ী সেগুলো গোপন রাখতে হয়। এসব কর্মকা র মধ্যে রয়েছে স্বতন্ত্র তালিকাভুক্তি প্রি য়াজাত করার জন্য সকল আবেদনপত্র পর্যালোচনা করা, পরিষেবা, সরঞ্জামাদি, ঔষধপত্র প্রদানের জন্য বা অন্যান্য প্রযোজ্য স্বাস্থ্যসেবা ব্যয় বাবদ অর্থ প্রদান, ফান্ড পরিচালনা করা, এবং ফান্ডের কার্যক্রমের সাথে সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

# নিউ ইয়র্ক স্টেট মেডিক্যাল ইনডেমনিটি ফান্ড (MIF)
# গোপনীয়তা অনুশীলনের বিজ্ঞপ্তি

**MIF কিভাবে PHI ব্যবহার করে তার উদাহরণ:**

- তালিকাভুক্তি প্রি য়াকরণ করার জন্য আমরা প্রদত্ত PHI একটি আদালত অনুমোদিত বন্দোবস্ত বা রায় এ ব্যবহার কিংবা সেখানে সংযুক্ত করতে পারি।
- একজন সদস্যকে কেস ম্যানেজমেন্ট সরবরাহ করার জন্য আমরা PHI ব্যবহার করতে পারি।
- একজন সদস্যের বাণিজ্যিক বীমাকারী, মেডিকেইড, বা অন্যান্য ফেডারেল বা স্টেট সরকারের স্বাস্থ্যসেবা সম্পর্কিত কর্মসূচি বা বীমাদাতাদের সাথে আমরা PHI শেয়ার করতে পারি যাতে করে MIF নির্ধারণ করতে পারে যে, অর্থ পরিশোধ এবং সুবিধাসমূহের উদ্দেশ্য সমন্বয়ের জন্য কোন ধরণের স্বাস্থ্যসেবা খরচ প্রযোজ্য হতে পারে।
- প্রদত্ত সেবার গুণমান পর্যালোচনা করার উদ্দেশ্যে আমরা PHI শেয়ার করতে পারি।
- পর্যালোচনা বা অভিযোগ প্রি য়াকরণ করার উদ্দেশ্যে আমরা PHI শেয়ার করতে পারি।
- সমন্বয়ের উদ্দেশ্যে আমরা অন্যান্য উৎস, সরবরাহকারী বা বীমাকারীদের কাছ থেকে স্বাস্থ্য বীমা তালিকা এবং অন্তর্ভুক্তিকরণের তথ্য পর্যালোচনা করতে পারি।
- পরিসংখ্যান এবং তথ্য সংগ্রহ করে জনসাধারণের জন্য নীতিমালা তৈরি এবং MIF এর কার্যকারিতা উন্নতকরণের জন্য আমরা PHI শেয়ার করতে পারি।
- MIF এর আর্থিক অবস্থা নির্ধারণের জন্য আমরা সংশ্লিষ্ট তৃতীয় পক্ষের সাথে PHI শেয়ার করতে পারি।

**এছাড়াও MIF আইনানুযায়ী অনুমোদিতে হলে PHI ব্যবহার এবং প্রকাশ করতে পারে, যেখানে নিম্নলিখিত পরিস্থিতিগুলো বিদ্যমান আছে:**

- জনসাধারণকে সুবিধা প্রদান করে অথবা যেকোনো সংগতি নির্ধারণে সহায়তা করতে পারে এমন যেকোনো সরকারী সংস্থার সাথে।
- ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন মেনে চলার উদ্দেশ্যে স্বাস্থ্য তদারকির জন্য, যেমন পরিদর্শন, নিরীক্ষা, পর্যালোচনা, তদন্ত এবং রিপোর্ট করা।
- জনস্বাস্থ্যের জন্য, যেমন চিকিৎসা সুরক্ষা, রোগ নিয়ন্ত্রণ বা দুর্যোগের ক্ষেত্রে ত্রাণ সহায়তা।
- যখন এমন কোনো আইনি প্রয়োজন থাকে যে আমরা সন্দেহজনক নির্যাতনের কথা, অবহেলা বা ঘরোয়া সহিংসতা সম্পর্কিত তথ্য রিপোর্ট করি।
- কোনো ব্যক্তি বা জনসাধারণের সুরক্ষার জন্য বা স্বাস্থ্য বিষয়ক মারাত্মক কোনো হুমকি এড়ানোর জন্য।
- যখন ফেডারেল, স্টেট বা স্থানীয় আইন বা বিচার কাজের জন্য তথ্য প্রকাশের প্রয়োজন হয়। উদাহরণস্বরূপ, এটি আদালতের আদেশের প্রত্যুত্তর, সপিনা বা অন্যান্য আইনি কাজের জন্য বা কোনো জালিয়াতির তদন্তের ক্ষেত্রে সরবরাহ করা যেতে পারে।
- জাতীয় সুরক্ষা, প্রতিরক্ষামূলক পরিষেবা, সামরিক বা অভিজ্ঞ কর্মীদের কর্মকা ে র জন্য কেন্দ্রীয় সরকারের কাছে।

# নিউ ইয়র্ক স্টেট মেডিক্যাল ইনডেমনিটি ফান্ড (MIF)
# গোপনীয়তা অনুশীলনের বিজ্ঞপ্তি

**অন্যান্য পক্ষসমূহের সাথে অথবা অন্যান্য কারণসমূহের জন্য MIF এর PHI প্রকাশ:**
সাধারণ নিয়ম অনুযায়ী, চিকিৎসা, অর্থ প্রদান বা উপরে বর্ণিত কর্মকাণ্ডগুলো ব্যতীত অন্য কোনো কারণে PHI প্রকাশ করার জন্য আবেদনকারী, সদস্য বা অনুমোদিত প্রতিনিধির কাছ থেকে লিখিত সম্মতির প্রয়োজন হয়। এই প্রকাশনাটি সরবরাহ করার উদ্দেশ্যে MIF-কে অনুমোদিত করার জন্য, MIF প্রাইভেসি কনটাক্টে, সারা ম্যাকগ্রাথ-এর সাথে, খরচ-মুক্ত (855) 696-4333 নম্বরে যোগাযোগ করুন, এবং PHI প্রদানের জন্য একটি অনুমোদন ফর্ম চেয়ে নিন। প্রকাশনা অনুমোদনের জন্য প্রয়োজনীয় সকল তথ্য দিয়ে আমরা আপনাকে সহায়তা করবো। কোনো জরুরী কারণে যদি আপনি আপনার অনুমোদন দিতে না পারেন, তাহলে আমরা PHI প্রদান করতে পারি যদি আমাদের মনে হয় যে এতে আবেদনকারীর বা সদস্যের মঙ্গল রয়েছে। নিচে প্রদত্ত ঠিকানায় আমাদের প্রাইভেসি কনটাক্টে লিখিতভাবে জানানোর মাধ্যমে যেকোনো সময় আপনি আপনার অনুমোদন বাতিল করতে পারেন।

## আবেদনকারী, সদস্য এবং প্রতিনিধিদের PHI সম্পর্কিত সকল অধিকার

## আবেদনকারী এবং সদস্যের PHI এর সাথে সম্পর্কিত নিম্নোক্ত অধিকারসমূহ আপনার রয়েছে:

- MIF দ্বারা রক্ষিত আবেদনকারী বা সদস্যের PHI এর একটি অনুলিপি পাওয়া বা সেগুলো পরীক্ষা করা। PHI যদি চলমান কোনো মামলার অংশ হয়ে থাকে, যার মধ্যে সাইকোথেরাপি নোটও রয়েছে, তাহলে MIF সেই PHI সরবরাহ করতে পারবে না অথবা হয়তো আইনানুযায়ী এটি প্রকাশ করার অনুমতি তাদের নেই। অনুগ্রহপূর্বক এই বিষয়টি জেনে রাখুন। PHI অনুলিপি তৈরি করার জন্য MIF একটি প্রক্রিয়াকরণ মূল্য নিতে পারে।
- PHI এ কোনো ভুল বা সেটি অসম্পূর্ণ থাকলে তা সংশোধন বা সংযোজনের জন্য MIF-কে অনুরোধ করা।
- আবেদনকারী, সদস্য বা তাদের প্রতিনিধিদের ঠিকানা এবং/অথবা ফোন নম্বর পরিবর্তন করার জন্য, যদি সেই ব্যক্তির বর্তমান ঠিকানা বা ফোন নম্বরে যোগাযোগ করার ফলে সেই ব্যক্তি বা তার পরিবার বিপদের সম্মুখীন হতে পারে বলে ধারণা করা হয়। নোটিশটি MIF এর ওয়েবসাইট www.health.ny.gov/mif এ দেওয়া হয়েছে অথবা আপনি (855) 696-4333 নম্বরে ফান্ডের সাথে যোগাযোগ করতে পারেন।
- আপনার PHI এর ব্যবহার ও প্রকাশ সীমাবদ্ধ করার জন্য আমাদের অনুরোধ করার ক্ষেত্রে (তবে প্রচলিত আইনের উপর ভিত্তি করে MIF আপনার অনুরোধের সাথে একমত নাও হতে পারে)।
- MIF কখন আবেদনকারী বা সদস্যের PHI প্রকাশ করবে তার একটি প্রমাণ রাখার জন্য অনুরোধ করার ক্ষেত্রে। আবেদনকারী বা তালিকাভুক্তিদের নিকট আইন অনুযায়ী প্রকাশিত নথিতে চিকিৎসা, পারিশ্রমিক বা স্বাস্থ্যসেবা বিষয়ক তথ্য প্রকাশিত নাও হতে পারে। চিকিৎসা, মূল্য পরিশোধ এবং স্বাস্থ্য সেবা কার্যাবলীর জন্য তথ্য প্রকাশ; আবেদনকারী, সদস্য বা অনুমোদিত প্রতিনিধি অনুমোদন দিয়ে এমন কোনো প্রকাশনা; অথবা আইন অনুযায়ী অনুমোদিত অন্যান্য প্রকাশনা হয়তো এই রেকর্ডে অন্তর্ভুক্ত নাও

থাকতে পারে। এই জাতীয় অনুরোধে ছয় বছর পূর্ব অবধি নথিপত্র প্রকাশের জন্য অন্তর্ভুক্ত থাকতে পারে (অথবা 1 অক্টোবর, 2011 বা এর পরবর্তী যেকোনো তারিখ)।

**আপনার PHI প্রকাশনা সম্পর্কিত অধিকারগুলো কীভাবে ব্যবহার করবেন:** বর্তমানে MIF-এর অধীনে থাকা PHI নিয়ে যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা আপনি যদি PHI সম্পর্কিত কোনো আবেদন করতে চান, অথবা আপনার যদি এই বিজ্ঞপ্তির আরেকটি অনুলিপির প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহপূর্বক MIF প্রাইভেসি কনটাক্টে যোগাযোগ করুন, সারা ম্যাকগ্রাথ, (855) 696-4333 যা একটি খরচ-মুক্ত পরিষেবা।

**কিভাবে অভিযোগ দায়ের করবেন:** আপনি যদি মনে করেন যে আপনার গোপনীয়তা সংক্রান্ত অধিকারসমূহ লঙঘন করা হয়েছে, তাহলে আপনি MIF এর প্রাইভেসি কনটাক্টে আপনার লিখিত অভিযোগ পাঠাতে পারেন, যা হলো: সারা ম্যাকগ্রাথ, (855) 696-4333. অভিযোগ দায়ের করার জন্য আপনাকে দণ্ডিত করা হবে না।

**আপনি এই ঠিকানাতেও একটি অভিযোগ দায়ের করতে পারেন:** দ্য অফিস ফর সিভিল রাইটস, ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস, Jacob Javits Federal Building, 26 Federal Plaza, Suite 3312, New York, New York 10278, (টেলিফোন) (212) 264-3313 অথবা (800) 368-1019; (ফ্যাক্স) (212) 264-3039 অথবা (TDD) 264-2355.

**আমাদের গোপনীয়তা নীতি পরিবর্তনযোগ্য:** এছাড়াও ফেডারেল আইনানুযায়ী, MIF-এর আপনাকে এই বিজ্ঞপ্তিটি প্রদান করতে হবে, এবং MIF-কে এই বিজ্ঞপ্তির শর্তাবলী মেনে চলতে হবে। এই বিজ্ঞপ্তিটি 1 অক্টোবর, 2019 থেকে কার্যকর হবে। যেকোনো সময় বিজ্ঞপ্তিটির যেকোনো শর্ত অথবা আমাদের গোপনীয়তা নীতি ও অনুশীলন পরিবর্তনের সম্পূর্ণ অধিকার MIF-এর রয়েছে। আমাদের নীতি এবং কার্যপ্রণালীতে যদি কোনো পরিবর্তন আনা হয় তবে তা সেই পরিবর্তনের সময়ে MIF এর ধারণকৃত সকল PHI এর ক্ষেত্রে প্রযোজ্য হবে। যদি MIF আমাদের গোপনীয়তা নীতি এবং অনুশীলনে কোনো উল্লেখযোগ্য পরিবর্তন করে তাহলে আমরা পরিবর্তনের 60 দিনের মধ্যে আপনাকে বিজ্ঞপ্তিটির একটি সংশোধিত কপি প্রেরণ করবো। এছাড়া MIF আমাদের ওয়েবসাইট https://www.health.ny.gov/mif এ একটি নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করবে।

◦